

Journalism and Mass Communication Honours Course

Semester 2

Paper: CC3(Reporting and Editing for Print media)

Topic: Typography and style

টাইপোগ্রাফি কে সহজ ভাষায় বলা হয় টাইপ এর সজ্জা। এখানে টাইপ কথাটির অর্থ হলো অক্ষর। সেটি যে কোনো ভাষার ক্ষেত্রেই প্রযোজ্য। মুদ্রণ শিল্পে অক্ষর কে টাইপ বলা হয়। বিভিন্ন সংবাদপত্রে এবং পত্রিকায় ছাপার জন্য যে অক্ষর গুলি ব্যবহার করা হয় তার বিভিন্ন ধরনের সজ্জাকে টাইপোগ্রাফি বলা হয়। মুদ্রণ শিল্পে ছাপার প্রয়োজনে টাইপের বিভিন্ন ধরনের আকার ও আকৃতি ব্যবহার করা হয়।

টাইপের পরিমাপের ক্ষেত্রে মুদ্রণ শিল্পে দুটি ভিন্ন একক পয়েন্ট এবং পিকা ব্যবহার করা হয়। সংবাদপত্রে সাধারণত টাইপের উচ্চতা মাপার জন্য পইন্ট এর ব্যবহার করা হয়। এবং সংবাদপত্রের অক্ষরগুলি প্রস্থ এবং ছবির দৈর্ঘ্য মাপার জন্য পিকার ব্যবহার করা হয়। সংবাদপত্রের পৃষ্ঠাসজ্জার সময় সংবাদের হেডলাইন লেখার জন্য ১২ পোয়েন্ট এবং তার থেকে বেশি উচ্চতার টাইপ ব্যবহার করা হয়। এগুলিকে টেক্সট বা বডি টাইপ বলা হয়। সচরাচর এগুলি ৬ পয়েন্ট এর হয়। এর থেকে বড়ো টাইপ গুলি কে ডিসপ্লে টাইপ বলা হয়, যেগুলি বিজ্ঞাপনে ব্যবহৃত হয়। এছাড়া ও ডিসপ্লে টাইপ সংবাদপত্রের হেডলাইন ও মাস্ট হেড এ সংবাদপত্রের নাম লেখার জন্য ব্যবহৃত হয়। প্রথম পাতার হেডলাইন এর ক্ষেত্রে ১৮ পয়েন্ট টাইপ ব্যবহার করা হয়। তবে সব হেডলাইন এর ক্ষেত্রে একই টাইপ ব্যবহার করা হয় না। প্রথম পাতার সবথেকে গুরুত্বপূর্ণ সংবাদের হেডলাইনে ক্ষেত্রে ৪৮ পোইন্ট ব্যবহার করা হয়। ভেতরের পাতায় সবথেকে গুরুত্বপূর্ণ খবর বোঝানোর জন্য ৩৬ পয়েন্টে হেডলাইন লেখা হয়। বর্তমানে কম্পিউটার প্রযুক্তির কল্যাণে ৮-৭২ পোয়েন্ট পর্যন্ত টাইপ ব্যবহার করা যেতে পারে।



ইংরেজি টাইপ গুলিকে প্রধানত চারটি ভাগে ভাগ করা যেতে পারে। সেগুলি হলো:

- সেরিফ: এই শব্দটি টাইপের ক্ষেত্রে অক্ষরের শেষ প্রান্তে বেরিয়ে থাকা তীক্ষ্ণ কোনগুলো কে বোঝায়। সব থেকে জনপ্রিয় সেরিফ টাইপ হলো টাইমস নিউ রোমান। তাই অনেক সময় সেরিফ টাইপকে রোমান টাইপ ও বলা হয়।

- সানস সেরিফ: এই কথাটির অর্থ হলো সেরিফ ছাড়া অর্থাৎ যে সমস্ত টাইপ এ সেরিফ থাকে না, সেগুলি কে সানস সেরিফ বলা হয়। সানস কথাটির অর্থ হলো ছাড়া বা ব্যতীত। সানস সেরিফ টাইপের সুবিধা হলো এতে সেরিফ টাইপের তুলনায় কম জায়গা লাগে।
- ইটালিক: এই ধরনের টাইপ দেখতে প্যাঁচানো হাতের লেখার মত তাই এই ধরনের টাইপ সাধারণত সংবাদপত্রে ব্যবহার করা হয় না। ইংরেজি সংবাদপত্র গুলিতে মাঝেমাঝে কোনো শব্দ কে গুরুত্ব দেওয়ার জন্য ইটালিক অক্ষর ব্যবহার করা হয়। ম্যাগাজিনে বা সংবাদপত্রে ফিচার এর ক্ষেত্রে এই ধরনের অক্ষর ব্যবহৃত হয়।

